

শ্রমিক নিরাপত্তা ফোরাম- এসএনএফ

সচিবালয় :বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডিং

বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯ ফোন: ৯১২০০১৫, ফ্যাক্স: ৫৮১৫২৮১০,

৩ নভেম্বর ২০১৮

বিবৃতি

গণস্বাস্থ্য কেন্দ্রে হামলার সুষ্ঠু তদন্ত এবং দোষীদের বিচারের দাবি

গত ২৬ অক্টোবর সাভারে অবস্থিত গণস্বাস্থ্য কেন্দ্র, যা শ্রমিকসহ সাধারণ মানুষের স্বাস্থ্য-সেবা কেন্দ্র হিসেবে পরিচিত, এর পিএইচএ ভবনসহ বিভিন্ন ভবনে হামলা ও ভাংচুর করা হয়। হামলার সময় তিনটি হলের ছাত্রীদের সাথে অশালীন আচরণ করা হয় এবং অপমান করে বের করে দেয়া হয়। সেই সাথে গণ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র লিমন হোসেনকে লাঠি দিয়ে পিটিয়ে হাতে মারাত্মক জখম করা হয়। পত্রিকায় প্রকাশিত সংবাদ এবং অন্যান্য সূত্র মারফত জানা যায়, গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা ও লিমনের হাতে মারাত্মক জখম বিষয়ে লিখিত অভিযোগ করা হলেও আজ পর্যন্ত (৩ নভেম্বর ২০১৮) থানায় মামলা গ্রহণ করা হয়নি।

শ্রমিক নিরাপত্তা ফোরাম মনে করছে, এরূপ ঘটনার যথাযথ তদন্ত ও বিচার না হলে মানুষ আইনের প্রতি শ্রদ্ধা হারিয়ে ফেলবে। শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষ থেকে আমরা এ ঘটনার প্রতিবাদ জানাচ্ছি এবং এর যথাযথ তদন্ত ও বিচার দাবি করছি। একই সাথে আইন শৃংখলা বাহিনীকে অধিকতর দায়িত্বশীল ভূমিকা পালনের আবেদন জানাচ্ছি।

শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষে:



ড. হামিদা হোসেন

আহবায়ক, শ্রমিক নিরাপত্তা ফোরাম

মোবাইল- ০১৭২৬৩৬১৯২৩